

যুগান্তর

পাবিপ্রবিত্তে নতুন ভিসি ড. এম রোস্তুম আলীর যোগদান

প্রকাশ : ০৮ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



পাবনা প্রতিনিধি

প্রায় সোয়া দুই মাস পর পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. এম রোস্তুম আলীকে নিয়োগ দেয়া হয়েছে। বুধবার রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এই নিয়োগ প্রদান করেন। নিয়োগ পাওয়ার পর বুধবার বিকালে অধ্যাপক ড. রোস্তুম আলী আনন্দঘন পরিবেশে ভিসি হিসেবে যোগদান করেন। এরপর তিনি বঙ্গবন্ধু হলে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। নবনিযুক্ত ভিসি ক্যাম্পাসে আগমন করলে তাকে শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারীরা বরণ করে নেন। এর আগে ৩১ ডিসেম্বর আগের ভিসি প্রফেসর ড. আল নকীব চৌধুরীর মেয়াদ শেষে হলে তিনি পাবিপ্রবি থেকে নিজ কর্মস্থল বুয়েটে চলে যান। তখন থেকে পাবিপ্রবি ছিল অভিভাবক শূন্য। নতুন ভিসিকে ট্রোজারার অফিস, রেজিস্ট্রার অফিস, বিভিন্ন ডিন অফিস, বঙ্গবন্ধু পরিষদ, শিক্ষক সমিতি, অফিসার্স অ্যাসোসিয়েশন, কর্মচারী পরিষদ, ছাত্রলীগসহ বিভিন্ন বিভাগ, দফতর নবনিযুক্ত ভিসিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানায়। ট্রোজারার ড. আনোয়ার খসরু পারভেজ, শিক্ষক সমিতির সভাপতি আওয়াল কবির জয়সহ বিভিন্ন ডিন, চেয়ারম্যান, রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম নবনিযুক্ত ভিসিকে অভিনন্দন জানান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।